

জেলা ইনোভেশন কমিটির এপ্রিল, ২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী


সভাপতি	:	মো: গোলাম রাখী, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নাটোর।
স্থান	:	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, নাটোর।
তারিখ	:	২৯ এপ্রিল, ২০১৯ খ্রি।
সময়	:	দুপুর ১.১৫ টায়।
উপস্থিত সদস্যবৃন্দ	:	পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভায় বিগত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়িকরণ করা হয়। অতঃপর সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি বিস্তারিতভাবে পর্যালোচনা করে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫
১	দপ্তরের সেবা সহজীকরণ	সভাপতি সভায় দপ্তরের সেবা সহজীকরণের বিষয়ে কারো কোন নতুন ইনোভেশন আছে কি না জানতে চাইলে উপস্থিত সকলে তাদের বিভিন্ন ইনোভেশন সম্পর্কে অবগত করেন। সভাপতি সফটওয়্যার সংক্রান্ত কোন ইনোভেশন, যা জনজীবনে খুবই জরুরী বা মানুষের সবসময় উপকারে আসে এমন ইনোভেটিভ কার্যক্রম তৈরীর বিষয়ে সকলকে অনুরোধ করেন। সহকারী কমিশনার(আইসিটি), নাটোর জানান অতিসত্ত্ব এ কার্যালয়ের অনলাইন লাইসেন্স ব্যবস্থাপনা সিস্টেম সফটওয়্যারের মাধ্যমে সেবা গ্রহীতারা আগের চেয়ে অনেক বেশী সেবা ও সুবিধা পাবে। সভাপতি এতে সম্মত প্রকাশ করেন। সভাপতি দপ্তরের সেবা সহজীকরণের জন্য সভায় উপস্থিত সকলকে নানামুখী পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করেন।	দপ্তরের সেবা সহজীকরণ করতে হবে।	সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল), নাটোর।
২	দাপ্তরিক অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়ার উন্নয়ন	সভাপতি দাপ্তরিক অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়ার উন্নয়নের বিষয়ে জানতে চাইলে উপ-পরিচালক, জেলা সমাজসেবা, নাটোর জানান জেলার যে সকল ভাতা ভোগী আছেন তিনি তাদের একটি অনলাইন ডাটাবেস তৈরী করছেন। এতে তিনি অতি সহজে সনাক্ত করতে পারছেন কত লোক জেলার ভাতা ভোগী আছে। সভাপতি উপস্থিত সকলকে দাপ্তরিক অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়ার উন্নয়ন ঘটিয়ে জনসাধারণকে আরোও কম সময়ে সেবা প্রদান করতে নির্দেশ প্রদান করেন	দাপ্তরিক অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়ার উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।	সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল), নাটোর।

৩	উন্নাবন সহায়ক পরিবেশ তৈরী	সভাপতি উন্নাবন সহায়ক পরিবেশ তৈরীর ওপর গুরুত্বারোপ করে নিজ নিজ দপ্তরে নিয়োজিত জনবলের সচেতনতা ও দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ, সেমিনারসহ অন্য দপ্তরের উন্নাবনী উদ্যোগ পরিদর্শনের ব্যবস্থা করার জন্য সকলকে নির্দেশনা প্রদান করেন। তিনি জানান এতে মানসিকতার পরিবর্তন সাধিত হবে এবং নতুন উন্নাবনী উদ্যোগ বৃদ্ধি পাবে।	উন্নাবনী সহায়ক পরিবেশ তৈরী করতে হবে।	সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল), নাটোর।	
৪	পার্টনারশিপ নেটওয়ার্কিং	ও	সভায় সভাপতি নতুন উন্নাবনের বিষয়, পার্টনারশিপ ও নেটওয়ার্কিং এর উপর গুরুত্বারোপ করে বলেন স্বীয় অধিক্ষেত্রে উন্নাবনী চৰ্চার ক্ষেত্রে অন্য দপ্তরের সাথে অংশীদারীতের মাধ্যমে উন্নাবনী বিনিয়য় করতে হবে। সভাপতি আরোও জানান উপজেলা ইনোভেশন টিমের সাথে জেলা ইনোভেশন টিমের যোগাযোগ দৃঢ় করতে হবে। পার্টনারশিপ ও নেটওয়ার্কিং এর মাধ্যমে উন্নাবনী উদ্যোগকে কাজে লাগানোর জন্য সভাপতি সংশ্লিষ্ট দপ্তর প্রধানদের অনুরোধ করেন।	উন্নাবনীর জন্য পার্টনারশিপ ও নেটওয়ার্কিংএর মাধ্যমে উদ্যোগ গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল), নাটোর।
৫	সোশ্যাল মিডিয়ার ব্যবহার	মিডিয়ার	সভায় সোশ্যাল মিডিয়ার ব্যবহার সম্পর্কে জানতে চাইলে সহকারী কমিশনার (আইসিটি) জানান যে, জেলা প্রশাসন, নাটোরের একটি ফেসবুক গুপ্ত খোলা হয়েছে। তিনি জানান যদি উক্ত গুপ্ত গুপে জেলা প্রশাসনের বিভিন্ন প্রকার কর্মকাণ্ডের তথ্য, ছবি, ভিডিও ইত্যাদি নিয়মিত পোস্ট করা হয় তাহলে জেলা প্রশাসক, নাটোর-এর সার্বিক উন্নয়নমূলক কর্মকাণ্ড জেলা প্রশাসনের সকল কর্মচারী ও কর্মকর্তার জানতে পারবে। সেই সাথে প্রশাসনের সাথে যুক্ত সকল কর্মচারী ও কর্মকর্তার ফেন্ডলিষ্টে থাকা বন্ধুরাও জানতে পারবে। সভাপতি স্ব স্ব দপ্তরের কার্যক্রম প্রচার ও কর্মকর্তাদের মধ্যে সামাজিক যোগাযোগ বৃদ্ধির জন্য সোশ্যাল মিডিয়ার ব্যবহার বৃদ্ধি করতে সকলকে অনুরোধ করা হয়।	উন্নাবনী ধারণায় সোশ্যাল মিডিয়ার ব্যবহার বৃদ্ধি করতে হবে। সহকারী কমিশনার (আইসিটি) জেলা প্রশাসন, নাটোর নামক ফেসবুক গুপের কার্যক্রম মনিটরিং করবেন।	সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল), নাটোর।
৬	নিজ দপ্তরের উন্নাবন কর্মপরিকল্পনা		সভাপতি সকল দপ্তরের প্রধানদের তাদের ২০১৮-২০১৯ অর্থ বছরের বার্ষিক উন্নাবনী কর্মপরিকল্পনার সঠিক বাস্তবায়ন করার জন্য অনুরোধ করেন।	সকল দপ্তরের উন্নাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন করতে হবে।	সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল), নাটোর।
৭	পাইলট প্রকল্প পরিদর্শন		সভাপতি জানান এ জেলায় যত উন্নাবনী প্রকল্প হাতে নেওয়া হয়েছে সেগুলো ইনোভেশন কমিটি পরিদর্শন করবে এবং প্রকল্পগুলো কতটা ফলপ্রসূ হবে তা ইনোভেশন কমিটি মনিটর করবে। সভাপতি সকল দপ্তর প্রধানদের পাইলট প্রকল্পে পরিদর্শন বাড়ানোর জন্য অনুরোধ করেন।	জেলার উন্নাবনী প্রকল্প পরিদর্শন করতে হবে।	সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল), নাটোর।

অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
 (মো: গোলাম রাব্বানী)  
 অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)  
 নাটোর।

ফোন: +৮৮-০৭৭১-৬৬৭৭৮ (অফিস)  
 ই-মেইল: [adconatore@mopa.gov.bd](mailto:adconatore@mopa.gov.bd)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর  
(আইসিটি শাখা)  
[www.natore.gov.bd](http://www.natore.gov.bd)


স্মারক নং-০৫.৮৩.৬৯০০.০২৩.০৬.০০২.১৬. ৩৪৪

তারিখ:

২৭ বৈশাখ, ১৪২৫  
৩০ এপ্রিল, ২০১৯

অনুলিপি সদয় জাতার্থে:

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ঢাকা, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, বিসিসি ভবন (৫ম তলা), ই-১৪/এক্স, আগারগাঁও, ঢাকা-১২০৭।
০৩. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. মহাপরিচালক, গভর্নমেন্ট ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
০৫. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৬. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, শেরে-ই-বাংলা নগর, ঢাকা।  
(মাননীয় ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী মহোদয়ের অবগতির জন্য)

  
৩০/০৪/১৯

(সাইফ-উল-আরেফীন)

সহকারী কমিশনার

আইসিটি শাখা

জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর

ফোন-০৭৭১-৬৬৩৮৩

E-mail: acictnatore@yahoo.com

অনুলিপি জাতার্থে/কার্যার্থে:

জনাব,

....., নাটোর